গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়
সুনামগঞ্জ
(www.sunamganj.gov.bd)

# মে ২০১৪ মাসের মাসিক এনজিও বিষয়ক সমন্বয় সভার কার্যবিবরণী

সভাপতি ঃ মুহাম্মদ ইয়ামিন চৌধুরী, জেলা প্রশাসক, সুনামগঞ্জ।

তারিখ ঃ ১৫ মে ২০১৪, সময় ঃ সকাল ৯.৩০ টা।

উপস্থিত সদস্য ঃ পরিশিষ্ট 'ক'

অনুপস্থিত সদস্য ঃ পরিশিষ্ট 'খ'

সভার শুরুতে সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভায় গত সভার কার্যবিবরণী পাঠ করা হয় এবং এফআইভিডিভি এর মার্চ/১৪ মাসের কার্যক্রম সংক্রান্ত প্রতিবেদন ১৩/৪/১৪ তারিখে প্রাপ্তি হিসাবে গণ্যক্রমে তা দৃঢ়ীকরণ করা হয়। অতঃপর নিম্নবর্ণিত আলোচনা ও সিদ্ধান্তসমূহ গৃহীত হয়।

| ক্রমঃ | আলোচনা ও সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|
| ১। | <u>মাসিক প্রতিবেদন সংক্রান্ত ঃ</u><br>ক) এনজিওসমূহের মাসিক প্রতিবেদন নিয়ে সভায় আলোচনা করা হয়। এ জেলায় কর্মরত এনজিওসমূহের মধ্যে নিম্নবর্ণিত এনজিওসমূহ তাদের কার্যক্রমের মাসিক প্রতিবেদন দাখিল করেন। অন্যান্য এনজিওসমূহ তাদের কার্যক্রমের মাসিক প্রতিবেদন দাখিল করেন নাই। | ইউএনও (সকল) ও সংশ্লিষ্ট এনজিও প্রতিনিধি |

| ক্রমিক নং | এনজিও'র নাম | প্রতিবেদন প্রাপ্তির তারিখ |
|---|---|---|
| ১। | সূর্যের হাসি ক্লিনিক (এস.এস.কে.এস) | ০৪/৫/২০১৪ |
| ২। | আশা | ০৪/৫/২০১৪ |
| ৩। | হীড বাংলাদেশ | ০৬/৫/২০১৪ |
| ৪। | সীমান্তিক | ০৬/৫/২০১৪ |
| ৫। | হেলভেটাস সুইস ইন্টার কো-অপারেশন | ০৬/৫/২০১৪ |
| ৬। | বাংলাদেশ পরিবার পরিকল্পনা সমিতি (এফপিএবি) | ০৬/৫/২০১৪ |
| ৭। | সুইস কন্টাক্ট | ০৬/৫/২০১৪ |
| ৮। | সচেতন নাগরিক কমিটি (টিআইবি) | ০৬/৫/২০১৪ |
| ৯। | কারিতাস বাংলাদেশ | ০৬/৫/২০১৪ |
| ১০। | ইসলামিক রিলিফ, বাংলাদেশ | ০৬/৫/২০১৪ |
| ১১। | ওয়ার্ল্ড ভিশন বাংলাদেশ | ০৬/৫/২০১৪ |
| ১২। | ডাসকো বাংলাদেশ | ০৬/৫/২০১৪ |
| ১৩। | ইউনাইটেড এফর্টস ফর রুরাল ডেভলপমেন্ট (ইউ.ই.আর.ডি) | ০৭/৫/২০১৪ |
| ১৪। | সেন্টার ফর ন্যাচারাল রিসোর্স ষ্টাডিজ (সিএনআরএস) | ০৭/৫/২০১৪ |
| ১৫। | বাংলাদেশ ডেভেলপমেন্ট সার্ভিস সেন্টার (বি.ডি.এস.সি) | ০৭/৫/২০১৪ |
| ১৬। | মেরী স্টোপস ক্লিনিক | ০৭/৫/২০১৪ |
| ১৭। | কেয়ার বাংলাদেশ | ০৭/৫/২০১৪ |
| ১৮। | এফ্যারটস ফর রুরাল এডভ্যান্সমেন্ট (ইরা) | ০৭/৫/২০১৪ |
| ১৯। | ব্র্যাক | ০৭/৫/২০১৪ |
| ২০। | সিলেট যুব একাডেমী (এসজেএ) | ০৭/৫/২০১৪ |
| ২১। | আইডিয়া | ১১/৫/২০১৪ |

| ক্রমঃ | আলোচনা ও সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|
| | ২২। ভলান্টারী এসোসিয়েশন ফর রুরাল ডেভেলপমেন্ট (ভার্ড) — ১১/৫/২০১৪<br>২৩। পদ্মা — ১১/৫/২০১৪<br>২৪। পিপল্‌স ওরিয়েন্টেড প্রোগ্রাম ইম্‌প্লিমেন্টেশন (পপি) — ১১/৫/২০১৪<br>২৫। স্যানক্রেড ওয়েল ফেয়ার ফাউন্ডেশন — ১১/৫/২০১৪<br>২৬। ফ্রেন্ডস ইন ভিলেজ ডেভেলপমেন্ট বাংলাদেশ (এফআইভিডিভি) — ১৪/৫/২০১৪<br><br>সিদ্ধান্ত ঃ<br>সকল এনজিও প্রতিনিধিকে তাদের কর্মকান্ডের তথ্য/প্রতিবেদন প্রতি মাসের ০৭(সাত) তারিখের মধ্যে নির্ধারিত ছকে আবশ্যিকভাবে প্রেরণ নিশ্চিত করতে হবে এবং সভায় প্রতিবেদনের অনুলিপি সাথে করে নিয়ে আসতে হবে। | ইউএনও (সকল) ও সংশ্লিষ্ট এনজিও প্রতিনিধি |
| ২। | উপজেলা পর্যায়ের মাসিক সভা ঃ উপজেলা এনজিও বিষয়ক মাসিক সভার বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। এপ্রিল ২০১৪ মাসে সুনামগঞ্জ সদর, দক্ষিণ সুনামগঞ্জ, জগন্নাথপুর, ছাতক, বিশ্বম্ভরপুর, জামালগঞ্জ ও দোয়ারাবাজার উপজেলা হতে মাসিক সভার কার্যবিবরণী পাওয়া গিয়েছে। ধর্মপাশা, তাহিরপুর, দিরাই ও শাল্লা উপজেলা থেকে মাসিক সভার কার্যবিবরণী পাওয়া যায় নাই।<br><br>সিদ্ধান্ত ঃ যে সকল উপজেলা হতে এনজিও বিষয়ক সভার কার্যবিবরণী পাওয়া গিয়েছে তাদেরকে ধন্যবাদ জ্ঞাপন করা হয়। যে সকল উপজেলা নির্বাহী অফিসারগণ এনজিও বিষয়ক মাসিক সভা নিয়মিত অনুষ্ঠান করেন না তাদেরকে নিয়মিত সভা অনুষ্ঠান করার জন্য এবং সভার কার্যবিবরণী পরবর্তী মাসের ০৫ তারিখের মধ্যে এ কার্যালয়ে প্রেরণ নিশ্চিত করাসহ জেলা এনজিও বিষয়ক মাসিক সমন্বয় সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হয়। | ইউএনও (সকল) ও সংশ্লিষ্ট এনজিও প্রতিনিধি |
| ৩। | এনজিওসমূহের কার্যক্রম সম্পর্কে আলোচনা ঃ<br>ক) এনজিওদের নিকট হতে প্রাপ্ত ত্রৈমাসিক প্রতিবেদন সম্পর্কে আলোচনা করা হয়।<br>খ) মা, শিশু স্বাস্থ্য ও পুষ্টি সংক্রান্ত জনসচেতনতা বৃদ্ধির বিষয়ে সভায় আলোচনা করা হয়।<br>গ) বিশ্ব পরিবেশ দিবস ২০১৪ উদ্‌যাপন বিষয়ে আলোচনা করা হয়।<br>সিদ্ধান্ত ঃ<br>ক) নির্ধারিত ছক মোতাবেক ত্রৈমাসিক প্রতিবেদন প্রেরণ অব্যাহত রাখার জন্য এনজিওসমূহকে অনুরোধ করা হয়।<br>খ) স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা বিষয়ে যে সকল এনজিওদের প্রকল্প রয়েছে তাদেরকে মায়েদের পুষ্টি বিষয়ে সচেতনতা সৃষ্টির জন্য অনুরোধ করা হয়।<br>গ) বিশ্ব পরিবেশ দিবস ২০১৪ উদ্‌যাপনে সহযোগিতা প্রদান করার জন্য এনজিসমূহকে অনুরোধ করা হয়। | ইউএনও (সকল) ও এনজিওসমূহ |

| ক্রমঃ | আলোচনা ও সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|
| ৪। | প্রাপ্ত প্রতিবেদন সংক্রান্ত ঃ  নিম্নবর্ণিত এনজিওসমূহের প্রতিবেদন সভায় পর্যালোচনা করা হয়।<br>১) ভার্ড ঃ এপ্রিল ১৪ মাস পর্যন্ত সিএমডিআরআর ফেইজ-২, সিইএসপি, রিচিং আউট অব স্কুল চিলড্রেন, ইআরএইচআর-এইচএফ, এসআইএসডি, এনএফপিই, আইসিএস, ইএসইপি, ম্যালেরিয়া নিয়ন্ত্রণ কর্মসূচি ও চক্ষু হাসপাতালের মাধ্যমে জেলা ও  উপজেলায় তাদের কার্যক্রম চলমান আছে।<br>২) হেলেভেটাস সুইস ইন্টার কো-অপারেশন ঃ এপ্রিল ১৪ মাসে এ জেলার ১১ টি উপজেলার ৭৫ টি ইউনিয়নে স্থানীয় সুশাসন কর্মসূচী-শরিক প্রকল্প বাস্তবায়ন করছে। তাছাড়াও  ১১টি উপজেলায় ইরা, স্যানক্রেড, সিএনআরএস ও আইডিয়া সহযোগী সংস্থার মাধ্যমে তাদের অন্যান্য প্রকল্পের কার্যক্রম চলমান আছে।<br>৩) এসএসকেএস ঃ এপ্রিল ১৪ মাসে এ জেলার সদর উপজেলায় এসএসএফসি প্রকল্পের মাধ্যমে ৩৩৯৭ জন ও ছাতক উপজেলায় ২৯৮৩ জন মা ও শিশুকে স্বাস্থ্য সেবা প্রদান করা হয়েছে।<br>৪) কারিতাস ঃ এ জেলার তাহিরপুর উপজেলায় ২টি ইউনিয়নে ও সুনামগঞ্জ সদর উপজেলার ১টি ইউনিয়নে ‘সমন্বিত সমাজ উন্নয়ন’ প্রকল্প এবং তাহিরপুর ও দোয়ারাবাজার উপজেলায় ‘আলো ঘর’ প্রকল্পের মাধ্যমে তাদের কার্যক্রম পরিচালিত হচ্ছে।<br>৫) ব্র্যাক ঃ এপ্রিল ১৪ মাসে এ জেলার সবকটি উপজেলায় সংস্থাটি স্বাস্থ্য কর্মসূচী,  খাচায় মাছ চাষ প্রকল্প, সামাজিক ক্ষমতায়ন কর্মসূচী, মাইক্রোফিনান্স কর্মসূচী, শিক্ষা কর্মসূচী, ওয়াটার স্যানিটেশন ও হাইজিন কর্মসূচী, মানবাধিকার ও আইন সহায়তা কর্মসূচী ও অতিদরিদ্র কর্মসূচী প্রকল্পসমূহের কার্যক্রম চলমান আছে।<br>৬) সিএনআরএস ঃ এ জেলার ১১টি উপজেলায় অক্সফ্যাম হিউম্যাটেরিয়ান ক্যাপাসিটি বিল্ডিং, ক্ষুদ্র ঋণ কার্যক্রম, Community Based Sustainable Management of Tanguar Haor Program-3, LHDP, SFRS Phase-2  OHCB ও CREL প্রকল্পের মাধ্যমে তাদের কার্যক্রম চলমান।<br>৭) সীমান্তিক ঃ  তামাক মুক্ত সিলেট প্রকল্পের মাধ্যমে এপ্রিল ১৪ মাসে সুনামগঞ্জ-এ তামাক নিয়ন্ত্রণ বিষয়কজেলা টাস্কফোর্স কমিটির সভা জেলা প্রশাসকের সভাপতিত্বে অনুষ্ঠিত হয়েছে। তাছাড়া ধুমপান বিরোধী লিখিত ষ্টিকার ও পোষ্টার বিভিন্ন পাবলিক প্লেস ও পাবলিক পরিবহনে বিতরণ করা হয়।<br>৮) স্যুইস কন্টাক্ট ঃ টারসান-সিএসএও প্রকল্পের আওতায় জেলা পর্যায়ে ১টি ও উপজেলা পর্যায়ে ৬টি পলিসি ডায়লগ সভা ও স্থানীয় পর্যায়ে মা, কিশোরী ও গর্ভবতী মা’দের নিয়ে ৪৭৭টি উঠান বৈঠকসহ অন্যান্য কার্যক্রম চলমান।<br>৯) স্যানক্রেড ওয়েলফেয়ার ঃ এপ্রিল ১৪ মাসে সুনামগঞ্জ জেলার ৪টি উপজেলার ২৫টি ইউনিয়নে ৭৬৪টি গ্রামে নরমিশজন, নরওয়ে এর অর্থায়নে (স্বাস্থ্য, শিক্ষা, জেন্ডার ও মানবাধিকার বিষয়ক) স্যানক্রেড ইন্টিগ্রেটেড কমিউনিটি ডেভেলপমেন্ট কর্মসূচি পরিচালনা করছে।<br>১০) কেয়ার বাংলাদেশ ঃ Shouhardo II, Nutrition at the Center, PCTFI এবং GSK কমিনিউটি হেলথ ওয়ার্কার ইনিশিয়েটিভ প্রকল্পের মাধ্যমে ১০টি উপজেলায় মা ও শিশুস্বাস্থ্য, শিক্ষা কার্যক্রম, চরম দারিদ্রতা, খাদ্য নিরাপত্তাহীনতা, বিপদাপন্নতা কমানো ইত্যাদির উপর তাদের কার্যক্রম চলমান আছে।<br>১১) ইসলামিক রিলিফ বাংলাদেশ ঃ এ জেলার  ০৩ টি উপজেলায় ‘আইডিএএসও’, হ্যান্ডিক্রাফট এবং ইসিসিএডিআর প্রকল্পের মাধ্যমে তাদের কার্যক্রম চলমান আছে।<br>১২) বিডিএসসি ঃ এ জেলার তাহিরপুর উপজেলায় ম্যালেরিয়া নিয়ন্ত্রণের উপর তাদের কার্যক্রম চলামান। ধর্মপাশা উপজেলায় স্কুল ফিডিং এর আওতায় ১৫৫টি প্রাথমিক বিদ্যালয়ের সকল ছাত্র/ছাত্রীদের টিফিনের ব্যবস্থা করা হয়েছে।<br>১৩) ওয়ার্ল্ড ভিশন বাংলাদেশ ঃ এ জেলার সদর ও তাহিরপুর উপজেলায় তাদের ৩টি প্রকল্প থাকলেও বর্তমানে এ্যাসেসমেন্ট পর্যায়ে আছে।<br>১৪) আশা ঃ এ জেলার সকল উপজেলায় প্রাথমিক ঋণ কর্মসূচি, বিশেষ ঋণ কর্মসূচি, সোলার ঋণ কর্মসূচি, ফরেন রেমিটেন্স কর্মসূচি, স্বাস্থ্য সচেতনতা কর্মসূচি, শিক্ষা কর্মসূচি, ঋণ বীমা কর্মসূচি, চিকিৎসা অনুদান/স্বাস্থ্য সহায়তা কর্মসূচি ও নিরাপত্তা দাবী কর্মসূচির মাধ্যমে তাদের কার্যক্রম চলমান রয়েছে।<br>১৫) পদ্মা ঃ এ জেলার দক্ষিণ সুনামগঞ্জ ও দিরাই উপজেলায় সহযোগী এনজিও হিসেবে নিরাপদ জীবিকা কর্মসূচি, তামাক নিয়ন্ত্রণ, ওয়াটসন ও আয়বর্ধক কর্মসূচী কার্যক্রম পরিচালনা করছে।<br>১৬) ডাসকো ঃ এ জেলার ৪টি উপজেলায় ‘সাসটেইনেবল সলিউশন ফর দ্যা ডেলিভারী অব সেফ ড্রিংকিং ওয়াটার (এসডিএসডি)’ প্রকল্পের মাধ্যমে কার্যক্রম চলমান রয়েছে।<br>১৭) ইউইআরডি ঃ দিরাই ও শাল্লা উপজেলায় দরিদ্র ও স্কুল থেকে ঝরে পড়া শিশুদের মৌলিক শিক্ষা ১ম থেকে ৫ম শ্রেণী পর্যন্ত ১৫টি কেন্দ্রে ৪৫০জন শিক্ষার্থীকে নিয়ে শিক্ষা কার্যক্রম চলমান।<br>১৮) মেরী স্টোপস ঃ এপ্রিল ২০১৪ মাসে সুনামগঞ্জ সদর ও ছাতক উপজেলায় ৫১৮ জন সক্ষম দম্পতিকে পরিবার | উপজেলা নির্বাহী অফিসার (সকল)/ সংশ্লিষ্ট অফিস প্রধান/ সংশ্লিষ্ট এনজিও প্রতিনিধি। |

| ক্রমঃ | আলোচনা ও সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|
| | পরিকল্পনা, নিরাপদ মাতৃত্ব, নিরাপদ এম.আর ও প্রজনন স্বাস্থ্য সেবা দেয়া হয়েছে।<br>১৯) পপি ঃ এ জেলার ২টি উপজেলায় নিরাপদ জীবিকা কর্মসূচি (এলএসপি) পদ্মা ও উপমা স্থানীয় সহযোগী সংস্থার মাধ্যমে অংশীদারিত্বের ভিত্তিতে কার্যক্রম বাস্তবায়ন করছে।<br>২০) ইরা ঃ এ জেলার ৭টি উপজেলায় ইইপি সিঁড়ি 'উন্নতি', রুরাল ওয়াশ, এলএসপি, এলএইচডিপি, এনএফপিই, সিবিএসএমটিএইচপি, পি-ওয়াশ ইন এইচটিআর, সিডব্লিউআরএ ও ইকো প্রকল্পগুলোর মাধ্যমে তাদের কার্যক্রম চলমান আছে।<br>২১) হীড বাংলাদেশ ঃ এ জেলার সকল উপজেলায় কুষ্ঠরোগী সনাক্তকরণ, চিকিৎসা দান ও পুনর্বাসন এর উপর কার্যক্রম পরিচালনা করছে।<br>২২) আইডিয়া ঃ এ জেলার ৯টি উপজেলায় জলবায়ু পরিবর্তনের সাথে অভিযোজন, জীবিকা বহুমুখীকরণ, শস্যের বৈচিত্র্যকরণ, আগাম জাতের ধানের বীজ বিতরণ ও কৃষকদের উদ্বুদ্ধকরণসহ নানাবিধ কার্যক্রম চযঙলমান।<br>সিদ্ধান্ত ঃ<br>১) জেলা প্রশাসক, উপজেলা নির্বাহী অফিসার ও সংশ্লিষ্ট সরকারী দপ্তর প্রধানদের অবহিত করে তাদের কর্মসূচী পরিচালনা করার জন্য এনজিওসমূহকে অনুরোধ করা হয়।<br>২) মাসিক, ত্রৈমাসিক প্রতিবেদনের অনুলিপি সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসার ও দপ্তর প্রধানকে দেওয়ার জন্য এনজিওসমূহকে অনুরোধ করা হয়। | উপজেলা নির্বাহী অফিসার (সকল)/ সংশ্লিষ্ট অফিস প্রধান/ সংশ্লিষ্ট এনজিও প্রতিনিধি। |

অতঃপর আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকল সদস্যগণকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/-
২৯/৫/২০১৪
( মুহাম্মদ ইয়ামিন চৌধুরী )
জেলা প্রশাসক

☎ ঃ ০৮৭১-৬২০০০
E-mail: dcsunamganj@mopa.gov.bd